



ইসলামিক ফাউন্ডেশন

প্ৰট : ই-৪/এ, ব্লক : লিডিক, সেকশন : আগারগাঁও
শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।

স্মারক নং-ইফারহিসাব/৮২৬/জারবেসকেল-০৯/১২/২০০৯/ ৩৩১৮

তারিখ : ১২-১২-২০১৫ইং।

পরিচালক/উপ পরিচালক
ইসলামিক ফাউন্ডেশন
বিভাগীয়/জেলা কার্যালয়,

বিষয় : জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী প্রণীত বেতন নির্ধারণ ফরম প্রেরণ প্রসঙ্গে।

জনাব,


আসসালামু আলাইকুম ওয়া রাহ্মাতুল্লাহি।

উপরোক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ (বাস্তবায়ন ও অনুবিভাগ) কর্তৃক এস.আর.ও নং-৩৭০-আইন/২০১৫-এর আলোকে গত ০১ পৌষ ১৪২২ বঙ্গাব্দ/১৫ ডিসেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ তারিখে - Service(Reorganization and Condition) Act,1975(Act No. XXXII of 1975) এর section 5-এ ক্ষমতা বলে সরকার কর্তৃক প্রকাশিত বাংলাদেশ গেজেট-এর অন্তর্ভুক্ত সংখ্যায় জাতীয় বেতন স্কেল, ২০১৫-ঘোষণা করা হয়েছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের অনলাইনে বেতন নির্ধারণী ওয়েবসাইটে বিশেষ সতর্কতা বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয় যে, বেতন নির্ধারণ কার্যক্রম তড়াহুড়া করতে গিয়ে ভুল না করে সময় নিয়ে ধীর-স্থিরভাবে বেতন নির্ধারণের কাজটি সম্পন্ন করুন। এছাড়া উক্ত বিজ্ঞপ্তিতে আরো উল্লেখ করা হয় যে, 'কেবলমাত্র সরকারী কর্মচারীগণ এই সাইট ব্যবহার করবেন। ব্যাংক এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের জন্য এই সাইটটি প্রযোজ্য নয়'। ফলে ইসলামিক ফাউন্ডেশন স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বিধায় অর্থ মন্ত্রণালয়ের ওয়েবসাইট থেকে বেতন নির্ধারণ বিবরণী ডাউন লোড করে এর সাথে সামঞ্জস্য রেখে অত্র সংস্থার জন্য একটি বেতন নির্ধারণ ফরম তৈরী করা হয়েছে। তৈরীকৃত ফরমটি এতদসঙ্গে প্রেরণ করা হলো। ফরমের ১নং থেকে ৭নং ক্রমিকে চাহিত তথ্যাদি সর্শ্রিষ্ট কর্মকর্তা-কর্মচারী কর্তৃক পূরণকরত: অঙ্গীকারনামার স্বাক্ষর করতে হবে।

শ্রেফিকতে, আপনার কার্যালয়ের আওতাধীন কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী বেতন নির্ধারণের লক্ষ্যে প্রেরিত ফরমে চাহিত তথ্যাদি পূরণকরত: যথাসম্ভব দ্রুত অর্থ ও হিসাব বিভাগে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।


(এ. কে. এম. মকিনুর রহমান)
পরিচালক
অর্থ ও হিসাব বিভাগ
ফোন-৮১৮১৫৩৬

